

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মার্চ ৯, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
প্রবিধি অনুবিভাগ  
প্রবিধি-১ শাখা  
প্রজ্ঞাপন

তারিখ : ০৩ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ/১৬ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

নং ০৭.০০.০০০০.১৭১.১৩.০১২.১৪-২৭—সরকারি কর্মচারীগণ পিআরএল-এ গমনের পর কতদিন পর্যন্ত সাধারণ ভবিষ্য তহবিল (জিপিএফ)-এর সুবিধা প্রাপ্য হবেন অর্থাৎ সর্বোচ্চ কতমাস জিপিএফ-এ অর্থ জমা দিতে পারবেন ও মুনাফা প্রাপ্য হবেন, চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে মুনাফা প্রাপ্য হবেন কিনা এবং চুক্তিকালীন সময়ে নতুন করে সাধারণ ভবিষ্য তহবিলে যোগদান করার সুযোগ রয়েছে কিনা ইত্যাদি বিষয়াদি নিম্নোক্তভাবে স্পষ্টীকরণ করা হলো :

- (১) পেনশন সহজীকরণ আদেশ, ২০২০ এর ২.০৬(ঘ) অনুচ্ছেদ অনুযায়ী সরকারি কর্মকর্তা/কর্মচারীগণ অবসরগমনের পরদিন অর্থাৎ পিআরএল শুরুর দিন হতে সর্বোচ্চ ০৬ (ছয়) মাস পর্যন্ত ভবিষ্য তহবিলের সুবিধা প্রাপ্য হবেন। অর্থাৎ সংশ্লিষ্ট কর্মচারী পিআরএল-এ গমনের পরও ০৬ (ছয়) মাস পর্যন্ত সাধারণ ভবিষ্য তহবিলে প্রচলিত হারে অর্থ জমা দিতে পারবেন এবং উক্ত সময় পর্যন্ত মোট জমার উপর মুনাফা প্রাপ্য হবেন;
- (২) চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে চুক্তিভিত্তিক নিয়োজিত না হলে যে তারিখে পিআরএল শুরু হতো সে তারিখ হতে সর্বোচ্চ ০৬ (ছয়) মাস পর্যন্ত সাধারণ ভবিষ্য তহবিলে প্রচলিত হারে অর্থ জমা দেয়া যাবে এবং মোট জমার উপর মুনাফা প্রদেয় হবে; এবং

(৬৪২৯)

মূল্য : টাকা ৪.০০

- (৩) উক্ত ০৬ (ছয়) মাস সময় অতিবাহিত হওয়ার পর চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মচারী সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা, ১৯৭৯ এর বিধি-৪ (নোট) অনুসরণে স্বেচ্ছাধীন চাঁদাদাতা হিসেবে পুনরায় নতুনভাবে ভবিষ্য তহবিলে যোগদান করতে পারবেন। কিন্তু এক্ষেত্রে তহবিলে জমাকৃত অর্থের মুনাফা হিসাবকালে তাঁর পূর্বে জমাকৃত অর্থ বিবেচনা করা হবেনা।

রাষ্ট্রপতির আদেশক্রমে

খালেদা নাছরিন

সিনিয়র সহকারী সচিব।